

প্রতিবন্ধীদের ভাতা প্রদান  
শেখ হাসিনারই অবদান

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সমাজসেবা অধিদফতর  
সামাজিক নিরাপত্তা অধিশাখা  
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।



স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৪৯.০২.০০৮.২০. ৩৮৩

তারিখ: ১২ শ্রাবন ১৪২৯  
২৭ জুলাই ২০২২

**বিষয়: ২০২২-২৩ অর্থ বছরে বর্ধিত কোটায় প্রতিবন্ধী ভাতার অর্থ G2P পদ্ধতিতে পরিশোধের নিমিত্ত অনলাইনে আবেদন গ্রহণ, উপকারভোগী নির্বাচন ও ভাতা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২২-২০২৩ অর্থবছরে প্রতিবন্ধীভাতা কার্যক্রমের আওতায় উপকারভোগীর সংখ্যা বৃদ্ধি করে ২০,০৮,০০০ জন থেকে ২৩,৬৫,০০০ জনে এবং মাসিক ভাতার হার ৭৫০ টাকা থেকে ৮৫০ টাকায় উন্নীত করা হয়েছে। বিদ্যমান নীতিমালা অনুযায়ী ভাতা পাওয়ার উপযুক্ত প্রতিবন্ধী ব্যক্তির নিকট হতে সমাজসেবা অধিদফতরের web based Management Information Systems (MIS) এর মাধ্যমে আবেদন গ্রহণের সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

২. আগামী ১০ আগস্ট ২০২২ হতে ১০ সেপ্টেম্বর ২০২২ পর্যন্ত অনলাইনে [mis.bhata.gov.bd/onlineApplication](http://mis.bhata.gov.bd/onlineApplication) লিংকে ভাতার আবেদন গ্রহণ করা হবে। তার পূর্বে ভাতার আবেদন গ্রহণের বিষয়ে নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় প্রচার-প্রচারণার ব্যবস্থা গ্রহণ করতে হবে। আবেদনকারীর অবশ্যই প্রতিবন্ধী শনাক্তকরণ পরিচয়পত্র থাকতে হবে।

৩. অনলাইনে প্রাপ্ত আবেদনের ভিত্তিতে বরাদ্দ প্রদান করা হবে।

৪. সমাজসেবা অধিদফতর হতে প্রদত্ত বরাদ্দ অনুযায়ী অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ বাস্তবায়ন নীতিমালার আলোকে সংশ্লিষ্ট বাস্তবায়ন কমিটি কর্তৃক চূড়ান্ত অনুমোদিত তালিকার উপকারভোগীদের প্রয়োজনীয় তথ্য আগামী ৩০ সেপ্টেম্বর ২০২২ খ্রি: MIS এ সন্নিবেশন, এন্ট্রিকৃত ডাটার ভেলিডেশন এবং হিসাব খোলা কার্যক্রম সম্পন্ন করে পে-রোল প্রেরণ নিশ্চিত করতে হবে।

৫. নতুন নির্বাচিত উপকারভোগীগণ ০১ জুলাই ২০২২ খ্রি: তারিখ হতে ভাতা প্রাপ্য হবেন।


৬. এমতাবস্থায়, তাঁর আওতাধীন সংশ্লিষ্ট ইউনিট অফিসসমূহকে উপর্যুক্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। যে কোন প্রয়োজনে সামাজিক নিরাপত্তা অধিশাখার টেকনিক্যাল টিম ও প্রতিবন্ধী ভাতা শাখার সাথে যোগাযোগ করা যেতে পারে।

পরিচালক  
বিভাগীয় সমাজসেবা কার্যালয় (সকল)

.....।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. প্রকল্প পরিচালক, ক্যাশ ট্রান্সফার মডার্নাইজেশন প্রজেক্ট, সমাজসেবা অধিদফতর, ঢাকা।
২. পরিচালক, সামাজিক নিরাপত্তা/প্রশাসন ও অর্থ/ কার্যক্রম/প্রতিষ্ঠান, সমাজসেবা অধিদফতর, ঢাকা।
৩. জেলা প্রশাসক, ..... (সংশ্লিষ্ট সকল)।
৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ..... (সংশ্লিষ্ট সকল)।
৮. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ..... (সংশ্লিষ্ট সকল)।
৯. উপজেলা নির্বাহী অফিসার, ..... (সংশ্লিষ্ট সকল)।
১০. সি.ই.ও. নগদ/বিকাশ/ব্যাংক এশিয়া/এনআরবিসি ব্যাংক।
১১. সমাজসেবা অফিসার, উপজেলা/শহর সমাজসেবা কার্যালয়, ..... (সংশ্লিষ্ট সকল)।
১২. প্রোগ্রাম ম্যানেজার, এটুআই, আইসিটি অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

  
(শেখ রফিকুল ইসলাম)  
মহাপরিচালক (গ্রেড-১)  
ফোন: ০২-৫৫০০৭০২৪